কানাইঘাটে তথ্য অধিকার দিবসে আলোচনা সভা অনুষ্ঠিত

কানাইঘাট প্রতিনিধি:

‘তথ্য আমার অধিকার, জানা আছে কি সবার’ এ পতিপাদ্যকে সামনে রেখে আর্ন্তজাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে কানাইঘাট উপজেলা প্রশাসনের উদ্দ্যেগে এক আলোচনা সভা বুধবার সকাল সাড়ে ১১টায় উপজেলা সম্মেলন কক্ষে অনুষ্টিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জির সভাপতিত্বে ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তরিকুল ইসলামের পরিচালনায় তথ্য অধিকার দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামীলীগের সভাপতি পৌর মেয়র লুৎফুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান খাদিজা বেগম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মুনমুন নাহার, থানার অফিসার ইনচার্জ তাজুল ইসলাম পিপিএম, সমাজ সেবা কর্মকর্তা মোঃ জিলানী, কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন সহ বিভিন্ন দপ্তরের সরকারী কর্মকর্তা ও শিক্ষক বৃন্দ।

সভায় তথ্য অধিকার দিবসের গুরুত্ব তুলে ধরে নিবার্হী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি বলেন, সুশাসন নিশ্চিত ও দূর্নীতি মুক্ত দেশ গড়তে সরকার তথ্য অধিকার আইন করেছে। এ আইনের মাধ্যমে রাষ্ট্রের গোপনীয় তথ্য ছাড়া অন্য যে কোন তথ্য জানার অধিকার দেশের জনগনের রয়েছে। এ আইনের অপব্যবহার না করে আমরা সবাই তথ্য অধিকার আইনের ব্যাপারে সচেতন হলে সমাজ থেকে দূর্নীতি হ্রাস পাবে এবং সুশাসন প্রতিষ্ঠিত হবে।